

## রবি চৌধুরী-ডলি সায়ন্তনী বিবাহ উপাখ্যান

আবুল খায়ের ॥ জনপ্রিয় সঙ্গীতশিল্পী রবি চৌধুরী ও ডলি সায়ন্তনী দীর্ঘদিনের 'বিবাহ বহির্ভূত' সম্পর্কের অবসান ঘটাইয়া অবশেষে পরস্পর বিবাহ বন্ধনে আবদ্ধ হইয়াছেন। তবে এই মিলনাত্মক ঘটনার পরপরই রবি চৌধুরী খিলগাঁও থানায় উপস্থিত হইয়া রহস্যের অবতারণা ঘটাইয়াছেন। তিনি থানায় জিডি করিয়া অভিযোগ করিয়াছেন, ডলি সায়ন্তনী তাহাকে এই বিবাহে বাধ্য করিয়াছেন। গত মঙ্গলবার রাত ১০টায় রবি চৌধুরী থানায় দায়ের করা জিডিতে উল্লেখ করেন (জিডি নং ৩৫৫) ঐদিন রাতে তাহাকে উত্তরখান এলাকার একটি বাসায় দাওয়াত খাওয়ার কথা বলিয়া ডলি তাহাকে রামপুরার বনশ্রী প্রজেক্টে তাহার বাসায় নিয়া যায়। সেখানে ইমরান হোসেন, নাহার ও ইমনসহ ৫/৬ জন সশস্ত্র যুবক রবি চৌধুরীকে জোরপূর্বক ডলি সায়ন্তনীকে বিবাহ করিতে বাধ্য করে। যুবকরা রবি চৌধুরীকে দিয়া বিবাহের কাবিন নামায় দস্তখত করিতে বাধ্য করে। থানায় এই এজাহার দায়ের করিবার পর পুলিশ খোঁজ খবর নিয়া জানিতে পারে যে, থানা হইতে রবি চৌধুরী সরাসরি ডলি সায়ন্তনীর বাসায় যান এবং সেখানে উভয়ে বাসররাত কাটান। রবি চৌধুরীর রহস্যজনক জিডি নিয়া পুলিশ কর্মকর্তাদের ভাবাইয়া তুলিয়াছে।

উল্লেখ্য, রবি চৌধুরী রামপুরা বনশ্রী প্রজেক্টের বি ব্লকের ৫ নম্বর রোডের ৩৯ নম্বর বাসায় থাকেন। একই প্রজেক্টের একই ব্লকের ৩ নম্বর রোডের ৪ নম্বর বাসায় থাকেন ডলি সায়ন্তনী। একই এলাকায় তাহাদের অবস্থান। সঙ্গীত জগতে তাহাদের গভীর প্রেমের কথা কাহারও অজানা নয়। তাহারা একত্রে বছর বিদেশে গিয়াছেন। তাহাদের একত্রে বসবাসের কথা নিয়া সাংস্কৃতিক অঙ্গনে অনেক মুখরোচক রটনাও রহিয়াছে। পত্র-পত্রিকায় প্রকাশিত হইয়াছে নানান কাহিনী। উল্লেখ্য, ডলি সায়ন্তনীর উহা দ্বিতীয় বিবাহ। প্রথম স্বামীর ঘরে একমাত্র পুত্র সন্তান রহিয়াছে।